দৈনিক বাংলা

তারিখ 29 MAR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# শহীদুল্লাহ হল থেকে অস্ত্র উদ্ধার

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ শনিবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের পুরাতন ভবনে তল্লাশী চালিয়ে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে। পুলিশ শহীদুল্লাহ হলের বেশ কয়েকটি কক্ষে তল্লাশী চালিয়েছে। তল্লাশীকালে পুলিশ হল প্রাঙ্গণ থেকে

## শহীদুল্লাহ হল

(প্রথম পৃঃ পর)

পরিত্যক্ত অবস্থায় মোট ২৪৪ রাউন্ড গুলি, ১৫টি গুলির চার্জার, একটি হ্যান্ড গ্রেনেড, একটি রিভলবারের খাপ উদ্ধার করেছে। উদ্ধারকৃত গুলির মধ্যে চাইনিজ রাইফেল, এসএলআরসহ বিভিন্ন বন্দুকের গুলি রয়েছে। খবর পুলিশের এক সংবাদ বিজ্ঞপ্তির।